



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথি নং- ৫৮মাধ্য/সনদ/২০০৫/৮৬/৪৫

তারিখ- ২৯/১১/২০১৭

বিষয় : ২০১৭ সালের এসএসসি পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী সনদ শাখা থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	সনদ বিতরণের তারিখ	সনদ বিতরণের জেলার নাম
০১।	০৫/১২/২০১৭	জামালপুর, শেরপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ।
০২।	০৬/১২/২০১৭	গাজীপুর, ফরিদপুর, কিশোরগঞ্জ, রাজবাড়ী।
০৩।	০৭/১২/২০১৭	টাংগাইল, নারায়নগঞ্জ, নরসিংদী।
০৪।	১০/১২/২০১৭	মাদারীপুর, শরীয়তপুর, নেত্রকোনা।
০৫।	১১/১২/২০১৭	ঢাকা মহানগর।
০৬।	১২/১২/২০১৭	ঢাকা জেলা, ময়মনসিংহ।

সনদ বিতরণের সময় অফিস চলাকালীন : সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ০৪ নং ভবনের ০৬ তলা (লিফটের ৫)।

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপওয়ারি কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির/গভর্নিং বডির সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না।

উল্লেখ্য, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে গৃহিত সমস্ত সাময়িক সনদপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ-

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন নং- ৯৬৬৯৮১৫

প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান।

২৭.১১.১৭

মাসুদা বেগম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।

ফোন নং-৫৮৬১০১৭৩